



Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

স্মারক- বায়রা/জাতীয় প্রবাসী দিবস/৩৭৩/২০২৫/৫২২

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩২
১৪ ডিসেম্বর ২০২৫

প্রাপক:
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়: জাতীয় প্রবাসী দিবস ২০২৫ ও আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৫ পালন উপলক্ষ্যে কর্মসূচী প্রসঙ্গে।

জনাব


আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় প্রবাসী দিবস ২০২৫ ও আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর উদ্যোগে প্রতিবারের ন্যায় এবারও বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এ বছরের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে “ দক্ষতা নিয়ে যাব বিদেশ, রেমিটেন্স দিয়ে গড়বো স্বদেশ”। দিবসটি উপলক্ষ্যে আগামী ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে উদ্বোধনী ও অন্যান্য অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানমালায় রয়েছে (১) প্রবাসী কর্মীদের কল্যাণে গৃহীত কার্যক্রম এবং প্রবাসীদের অবদান সন্নিবেশিত করে ভিডিও এবং ডকুমেন্টারি প্রদর্শন (২) নির্বাচিত সিআইপিদের সম্মাননা প্রদান (৩) সর্বোচ্চ রেমিটেন্স আহরণকারী ১০টি ব্যাংককে সম্মাননা প্রদান (৪) ০১ (এক) দিনের জন্য অভিবাসন মেলা (৫) সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠানে বায়রা অংশগ্রহণ করছে। ইতোমধ্যে বায়রা'কে অভিবাসন মেলা প্রাঙ্গনে ০১ (এক) টি স্টল বরাদ্দ করা হয়েছে। সকাল ৮.০০টা হতে সকাল ১০.০০টা পর্যন্ত কেবলমাত্র আমন্ত্রিত অতিথিগণের জন্য প্রবেশাধিকার সংরক্ষিত থাকবে। অতঃপর উদ্বোধনী পর্ব শেষে মেলা প্রাঙ্গন সকলের জন্য উন্মুক্ত থাকবে।

বিষয়টি সকলের অবগতির নিমিত্ত জানানো হলো।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। প্রশাসক, বায়রা।
- ৩। ডাটাবেজ, কাকরাইল/BISTI, গাজীপুর।
- ৪। আইটি অফিসার, বায়রা (baira.org.bd-ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৩। নোটিশ বোর্ড, বায়রা।
- ৪। সংশ্লিষ্ট নথি।

বায়রা'র পক্ষে,

(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা।